166 দৈনিক বাংলা

তারিখ 17 SEP 1990
পৃষ্ঠা... ২ ... কলাম ... ৬ ...

## ঘটনার তদন্ত হবে ঃ ভিসি

# ভার্সিটিতে আবার গুলি ঃ শহীদুল্লাহ হলের ভিপিসহ ৩জন আহত

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গতকাল এক সশস্ত্র সংঘর্ষে শহীদুল্লাহ হল ছাত্র সংসদের ভিপিসহ দুজন ছাত্রনেতা গুলিবিদ্ধ এবং অপর একজন ছুরিকাহত হয়েছেন।

গুলিবিদ্ধ দু'জন হচ্ছেন, শহীদুল্লাহ হল ছাত্র সংসদের ভিপি আকতারুজ্জামান খোকন এবং জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম আহবায়ক মাসুদুর রহমান। আকতারুজ্জামান খোক-

(৫-এর পৃঃ দ্রঃ)



মাসুদ



খোকন



ইকবাল

## ভিপিসহ ৩জন আহত

(প্রথম পৃঃ পর)

নের উরুতে এবং মাসুদুর রহমানের মাথায় ও পেটে গুলি লেগেছে। এদের মধ্যে মাসুদুর রহমানের অবস্থা আশংকাজনক। ইকবাল নামে মুহসীন হলের একজন ছাত্রকে পেটে ও পায়ে ছুরিকাঘাত করা হয়। আহতদের তিনজনকেই ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। হাসপাতালে নেয়ার সঙ্গে সঙ্গে গুলিবিদ্ধ দু'জনকে অস্ত্রোপচার করা হয়। বর্তমানে তারা ৩১ নম্বর ওয়ার্ডে চিকিৎসাধীন।

নীলক্ষেত পুলিশ ফাঁড়ি এবং প্রত্যক্ষদর্শীদের বিবরণ থেকে জানা গেছে গতকাল বিকাল সাড়ে চারটায় আকতারুজ্জামান খোকন এবং মাসুদুর রহমান একটি মোটর সাইকেলযোগে আজিমপুরে বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের সামনে যাওয়ার সঙ্গে সঙ্গে সেখানে অপেক্ষমান একদল যুবক তাদের উপর গুলিবর্ষণ করে। এসময় কমপক্ষে ৮/১০ রাউন্ড গুলিবর্ষণের ঘটনা ঘটে। গুলির শব্দে পার্শ্ববর্তী নিউ মার্কেট ও ঢাকা কলেজ সংলগ্ন এলাকায় আতংক ছড়িয়ে পড়ে। গুরুতর আহত দু'জনকে সঙ্গে সঙ্গে হাসপাতালে নেয়াহয়।

পুলিশ সূত্র জানিয়েছে, জাতীয়তাবাদী ছাত্রদলের বিবদমান 'অভি' ও 'ইলিয়াস' গ্রুপের মধ্যে পূর্ব শত্রুতার জের হিসাবে এ সংঘর্ষ ঘটে। এ ঘটনার পর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উত্তেজনা ছড়িয়ে পড়ে। বিকাল সাড়ে চারটায় মুহসীন হলে দুই রাউন্ড গুলিবর্ষণের শব্দ শোনা যায়। এর সঙ্গে সঙ্গেই জিয়াউর রহমান হলের দিক থেকে চার রাউন্ড গুলি বর্ষিত হয়। সন্ধ্যায় মুহসীন হলের সামনে মার্কেটিং বিভাগের ছাত্র ইকবালকে একদল যুবক ছুরিকাহত করে।

নীলক্ষেত ফাঁড়ি পুলিশ জানিয়েছে, রাত দশটা থেকে বিশ্ববিদ্যালয় এলাকায় পুনরায় বোমাবর্ষণ ও গোলাগুলি হয়। গোলাগুলির খবর পেয়ে ডিসি সাউথ ও রমনা থানার ওসিসহ উর্ধ্বতন পুলিশ কর্মকর্তারা ঘটনাস্থলে যান। এ ঘটনার পর বিশ্ববিদ্যালয় এলাকায় বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞা গভীর রাত পর্যন্ত বিশ্ববিদ্যালয় উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন। এর আগে বিকালে ভিসি প্রফেসর মিঞা আহত ছাত্র নেতাদের দেখতে হাসপাতালে যান। তিনি এ ঘটনা তদন্ত করা হবে বলে উপস্থিত ছাত্রদের আশ্বাসদেন।

ঢাকা বিশ্ববিদ্যাদয়ে বর্তমানে থমথমে অবস্থা বিরাজ করছে। পুলিশ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস অভিমুখী সকল সড়ক বন্ধ করে দিয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল ছাত্র সংসদের ১৫ জন ভিপি ও জিএস এক যুক্ত বিবৃতিতে ছাত্রদল নেতা মাসুদুর রহমান ও শহীদুল্লাহ হল ছাত্র সংসদের ভিপি আকতারুজ্জামানের উপর গুলিবর্ষণের তীব্র নিন্দা করেছেন।

বিবৃতিতে ১৫ জন ভিপি জিএস 'ইলিয়াস' গ্রুপের কয়েকজনের নাম উল্লেখ করে বলেন, শিক্ষা দিবস উপলক্ষে দলীয় কর্মসূচীকে সফল করে তোলার জন্য দু'জন ছাত্রনেতা কুয়েত হলে গেলে তারা অতর্কিতে হামলা চালায়। বিবৃতিতে জড়িত ব্যক্তিদের অবিলম্বে গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেন।

বিবৃতিতে স্বাক্ষর করেন সূর্যসেন হল ছাত্র সংসদের ভিপি গোলাম মর্তুজা, এস এম হল ছাত্র সংসদের ভিপি ইকবাল রশীদ অপু, ফজলুল হক হল ছাত্র সংসদের ভিপি খোন্দকার আবু আশফাক, শেখ মুজিব হল ছাত্র সংসদের ভিপি নূরুল ইসলাম ভূঁইয়া জিএস, শাহনেওয়াজ পারভেজ, এস এম হল ছাত্র সংসদের জিএস মনজুর এলাহী, জিয়াউর রহমান হল ছাত্র সংসদের ভিপি মনোয়ার হোসেন, জসীমউদ্দীন হল ছাত্র সংসদের ভিপি এরশাদুল হক ও জিএস জামানুর রহমান, মুহসীন হল ছাত্র সংসদের ভিপি শাহজাহান হাওলাদার ও ভারপ্রাপ্ত জিএস কামরুল ইসলাম, শহীদুল্লাহ হল ছাত্র সংসদের জিএস মুনির হোসেন, রোকেয়া হল ছাত্র সংসদের জিএস সাহানা আক্তার সানু, শামসুন্নাহার হল ছাত্র সংসদের জিএস শিমুল এবং কুয়েত মৈত্রী হল ছাত্র সংসদের ভিপি টুনি।

শহীদুল্লাহ হল সংসদের সভাপতি প্রফেসর মাহতাবউদ্দীন আহমদ ও সাধারণ সম্পাদক মনিরুজ্জামান মনির এক যুক্ত বিবৃতিতে হলের ভিপি আকতারুজ্জামান খোকন ও একই হলের ছাত্র মাসুদুর রহমানের উপর গুলিবর্ষণের ঘটনার তীব্র নিন্দা করেছেন। তারা ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানান।

ডাকসুর সদস্য খোরশেদুল আলমও এক বিবৃতিতে এ ঘটনার তীব্র নিন্দা করেছেন এবং দোষীদের শাস্তির দাবী জানিয়েছেন।